

262
Emis
স্বাক্ষরিত
মি. জি.বি.
২৪/৭/২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
<http://www.dshe.gov.bd>



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.২৪.২০১৯.১৮২৮৫/১০

তারিখ: ১৪-০৭-২০১৯

বিষয় : বন্যাজনিত কারণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি-বেসরকারি স্কুল/কলেজসমূহের প্রতি নির্দেশনা।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.১৮-৭৩০, তারিখ: ১২ জুলাই, ২০১৯

সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ভারী বৃষ্টিপাত ও পাহাড়ি ঢলে দেশের বিভিন্ন স্থানে আকস্মিক বন্যা দেখা দিয়েছে। বন্যাকবলিত ও দুর্যোগপূর্ণ এলাকাসমূহের জনসাধারণের জানমালের নিরাপত্তার স্বার্থে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি-বেসরকারি স্কুল/কলেজসমূহ সার্বক্ষণিক খোলা রেখে সেগুলোতে বন্যার্তদের আশ্রয়নের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(২) দুর্যোগপূর্ণ এলাকাসমূহের সকল সরকারি-বেসরকারি স্কুল/কলেজসমূহ খোলা রেখে বন্যার্তদের দেখভাল করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে সার্বক্ষণিক অবস্থানপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে পরিস্থিতি মোকাবেলা করবেন।

(৩) উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বক্ষণিক পর্যবেক্ষণ এর জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে একটি নিয়ন্ত্রণ কক্ষের (Control Room) ব্যবস্থা করবেন।

(৪) প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অত্র অধিদপ্তরের পরিচালক (মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান) ফোন: ৯৫৫৫১৩০, মোবাইল: ০১৭১৫০৮৮৪২০ এবং উপ-পরিচালক (এইচ.আর.এম) ফোন: ৯৫১৩৬২২, মোবাইল: ০১৭১২২০১৬১৪ কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.৭.১৯
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন- ৯৫৬৩৪৩৯

বিতরণঃ

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, -----অঞ্চল, ----- (সকল)।
- ২। অধ্যক্ষ, সরকারি-বেসরকারি কলেজ (সকল)।
- ৩। উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, -----অঞ্চল, ----- (সকল)।
- ৪। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৫। প্রধান শিক্ষক, সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
- ৫। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, সকল জেলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
- ৮। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল (পত্রখানা জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস নথি।